

সাঁটুরিয়ার ৯০ জেএসসি পরীক্ষার্থী স্কুলের ভুলে বিপাকে

সাঁটুরিয়া (মানিকগঞ্জ) প্রতিনিধি স্কুল কর্তৃপক্ষের ভুলের কারণে সাঁটুরিয়ায় ৯০ জেএসসি শিক্ষার্থীর ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে। আজকে তারা কি পরীক্ষা দেবে এ নিয়ে পড়েছে দুশ্চিন্তায়। রেজিস্ট্রেশন কার্ডের (১৩৪) কোড কৃষি শিক্ষা পরীক্ষা থাকলেও শেখানো হয়েছে গার্হস্থ্য বিজ্ঞান। গতকাল, সোমবার সাঁটুরিয়ার বালিয়াটি ঈশ্বরচন্দ্র উচ্চ বিদ্যালয় কেন্দ্রে গিয়ে দেখা যায়, পাকুটিয়া বিসিআরজি উচ্চ বিদ্যালয়ে আজকের পরীক্ষার কথা জেনে শিক্ষার্থীসহ অভিভাবকরা কানাকাটি করছেন।

জানা গেছে, পাকুটিয়া বিসিআরজি উচ্চ বিদ্যালয় থেকে এবার জেএসসি পরীক্ষায় ২৮০ শিক্ষার্থী অংশ নিয়েছে। এদের মধ্যে ৯০ জনের রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রে অতিরিক্ত বিষয় হিসেবে কৃষি শিক্ষা দেওয়া হয়। ওইসব শিক্ষার্থীকে কৃষি শিক্ষা না পড়িয়ে গার্হস্থ্য বিজ্ঞান পড়ানো হয়। এদিকে ওইসব শিক্ষার্থীর আজকের পরীক্ষার জন্য কৃষি শিক্ষার প্রশ্নপত্র বরাদ্দ রয়েছে। একদিনে পড়ে কীভাবে তারা কৃষি শিক্ষা পরীক্ষা দেবে এ নিয়ে দুশ্চিন্তায় রয়েছে। স্কুল কর্তৃপক্ষের ভুলের কারণে ওই শিক্ষার্থীদের ফল খারাপ হওয়ার আশঙ্কা করছেন অভিভাবকরা।

পাকুটিয়া বিসিআরজি উচ্চ বিদ্যালয়ের জেএসসি শিক্ষার্থী মিতালী রানী দাসসহ কয়েকজন জানায়, অতিরিক্ত বিষয়ের নম্বর থেকে তারা ৯০ শিক্ষার্থী বঞ্চিত হলো স্কুলের শিক্ষকদের ভুলের কারণে।

এখন অনেকে এ প্রাস বা এ গ্রেড থেকে বঞ্চিত হবে বলে অভিযোগ করে শিক্ষার্থীরা।

পাকুটিয়া বিসিআরজি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. বজলুল করিম মিয়া তাদের ভুল স্বীকার করে বলেন, বছরের শুরুতেই কৃষি শিক্ষা বই না পাওয়ায় শিক্ষা অফিস তাদের হাতে গার্হস্থ্য বিজ্ঞান বই দেয়। ওই বই আমরা সারা বছর শিক্ষার্থীদের শিখিয়েছি। তবে সোমবারের মধ্যে বোর্ড থেকে এ ভুল সংশোধন করার কথা জানিয়েছেন তিনি।

সাঁটুরিয়া উপজেলা শিক্ষা কর্মকর্তা নিগার সুলতানা জানান, ওই স্কুলের প্রধান শিক্ষক ৯০ শিক্ষার্থীর জীবন নিয়ে খেলা করেছেন। রেজিস্ট্রেশন কার্ড এসেছে অনেক আগে। আগেই বিষয়টি খেয়াল করা উচিত ছিল।